

# সংবাদ

## একাদশ শ্রেণীতে ভর্তি শুরু বাড়তি ফি নিলেই শান্তি

নিজস্ব বাড়া পরিবেশক

রাজধানীর বিভিন্ন কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। এসএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ২০০৮-০৯ শিক্ষাবর্ষে এ ভর্তি প্রক্রিয়া চলছে। আগামী ৭ আগস্ট পর্যন্ত শিক্ষার্থীরা আসনশূন্য থাকা সাপেক্ষে বিভিন্ন কলেজে ভর্তি হতে পারবে এবং ৯ আগস্ট ক্লাস শুরু হবে। ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে এসব তথ্য জানা গেছে। এদিকে কলেজে ভর্তি হওয়ার সময় শিক্ষার্থীদের থেকে বাড়তি ফি নেয়া হলে ওই কলেজের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে জানা গেছে।

বোর্ড সূত্র জানায়, এবার ভর্তিচ্ছু প্রার্থীদের কাছ থেকে কলেজ কর্তৃপক্ষ ভর্তি বাবদ মাত্র ৬০ টাকা গ্রহণ করতে পারবে। এর মধ্যে আবেদনপত্র বাবদ ১০ টাকা এবং ভর্তি ব্যবস্থাপনার ব্যয় হিসেবে ৫০ টাকা গ্রহণ করা যাবে। এছাড়াও রেজিস্ট্রেশন ফি বাবদ ৫০ টাকা, ক্রীড়া ফি ২৫ টাকা, রোজার স্কাউট ফি ১০ টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭ টাকা এবং শাখা ও বিষয় পরিবর্তন ফি বাবদ ২৫ টাকা গ্রহণ করতে পারবে কলেজ কর্তৃপক্ষ।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক প্রফেসর মো. সাদেকুর রহমান জানান, উল্লিখিত ফি'র অতিরিক্ত ফি নেয়া হলে অভিযুক্ত কলেজের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সূত্র জানায়, গত বছরের মতো এবারও বিভাগীয় শহরে অবস্থিত কলেজগুলোতে ভর্তির ক্ষেত্রে ৯০ শতাংশ আসন সবার জন্য উন্মুক্ত থাকবে এবং বাকি ১০ শতাংশ বিভাগীয় সদরের বাইরের (মফস্বলের) শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। জেলা সদরে অবস্থিত কলেজের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে। তবে স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে নিজস্ব

প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের অগ্রাধিকার দেয়া হবে বলে সূত্র জানায়।

বোঝা নিয়ে জানা গেছে, রাজধানীর বিভিন্ন কলেজে ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে। আগামী ৭ আগস্ট পর্যন্ত ভর্তি হওয়ার সুযোগ থাকলেও কলেজগুলো তাদের সুবিধা মতো ভর্তি কার্যক্রম শুরু করেছে। ঢাকার প্রথম সারির কলেজগুলোতে ইতোমধ্যেই ভিড় লক্ষ্য করা গেছে। তবে ভর্তি নীতিমালা অনুযায়ী জিপিএ-৫ প্রাপ্তদের ক্ষেত্রে সব বিষয়ের উপর সর্বোচ্চ ৪৩ পয়েন্ট ধরে ক্রমাগত ৪০ পয়েন্ট প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে ভর্তি করা হবে।

দেশের অন্যতম সেরা কলেজ ঢাকার ডিকারননিসা নূন কলেজে ভর্তি প্রক্রিয়া গতকাল থেকে শুরু হয়েছে। গতকাল শত শত অভিভাবক সেখান থেকে ভর্তি ফর্ম সংগ্রহের জন্য ভিড় করেন।